



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০ (অংশ-২)-৩৩

তারিখ: ২৩ পৌষ ১৪২৭
০৭ জানুয়ারি ২০২১

বিষয়: ময়মনসিংহ জেলার জেলা ত্রিশাল পৌরসভার সাধারণ নির্বাচন স্থগিতকরণ প্রসঙ্গে


সূত্র: অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ ও রিটার্নিং অফিসারের স্মারক নং-

(১) ১৭.০৯.৬১০০.০০০.৩৮.০০৭.২০-৮৬৪ তারিখ: ০৪.০১.২০২১
(২) ১৭.০৯.৬১০০.০০০.৩৮.০০৭.২০-৮৬৮ তারিখ: ০৪.০১.২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত তফসিল মোতাবেক ৩০ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিতব্য ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভা সাধারণ নির্বাচনে বৈধভাবে মনোনীত স্বতন্ত্র প্রার্থী জনাব এম, এ, এ, এস আলম (বাবলু) বিগত ০৩ জানুয়ারি ২০২১ তারিখে মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ২০ অনুসারে মেয়র পদের নির্বাচন কার্যক্রম বাতিল ঘোষণাকরতঃ গণবিজ্ঞপ্তি জারি করা হয়।

০২। ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভা নির্বাচনে মেয়র পদে বৈধভাবে প্রার্থীর মৃত্যুজনিত কারণে মেয়র পদের নির্বাচন কার্যক্রম বাতিল ঘোষণা করায় পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সংরক্ষিত আসনে কাউন্সিলর ও সাধারণ আসনে কাউন্সিলর পদের নির্বাচন স্থগিত করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০৩। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।


(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫ (অফিস)
Email: sasemc1@gmail.com

অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ
ও
রিটার্নিং অফিসার, ত্রিশাল পৌরসভা সাধারণ নির্বাচন-২০২১


নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০ (অংশ-২)-৩৩

তারিখ: ২৩ পৌষ ১৪২৭
০৭ জানুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/ বিভাগ
৪. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬. সচিব/ভারপ্রাপ্ত সচিব (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/ বিভাগ.
৭. মহাপরিচালক, বিজিবি/ আনসার ও ভিডিপি/র্যাপিড একশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. জেলা প্রশাসক, ময়মনসিংহ
১২. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
১৩. পুলিশ সুপার, ময়মনসিংহ
১৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ
১৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৭. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮. উপজেলা নির্বাচন অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ ও সহকারী রিটার্নিং অফিসার
১৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ত্রিশাল থানা, ময়মনসিংহ


 ০৭/০৪/২০২৩
 (মোহাম্মদ মোরশেদ আলম)
 সিনিয়র সহকারী সচিব
 নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় -১ শাখা
 ফোন : ০২-৫৫০০৭৬১০